



সংবাদ বিজ্ঞপ্তি

**প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে নোবিপ্রবি শিক্ষক
কর্মকর্তা-কর্মচারীদের একদিনের বেতন**

সাম্প্রতিক ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত জেলাগুলোয় দুর্দশাগ্রস্ত মানুষকে মানবিক সহায়তা প্রদানের জন্য নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের স্বেচ্ছায় দেওয়া একদিনের বেতনের সমপরিমাণ অর্থ মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে জমা দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল আজ বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর ২০২৪) উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অর্থনী ব্যাংক, নোবিপ্রবি শাখা কর্তৃপক্ষের নিকট অনুদানের ৮,৩৪,৯৩৪ (আট লক্ষ চৌত্রিশ হাজার নয়শত চৌত্রিশ) টাকার চেক হস্তান্তর করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, ভাষা শহীদ আবদুস সালাম হলের প্রভোস্ট ড. মোহাম্মদ হানিফ, বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার, প্রক্টর এএফএম আরিফুর রহমান, রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী, পরিচালক, হিসাব (ভারপ্রাপ্ত) মোহাম্মদ সাইদুর রহমান, অর্থনী ব্যাংক, নোবিপ্রবি শাখার ব্যবস্থাপক ফেরদৌস আহমেদ খানসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪